



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/13/2020

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

**গভর্নর কুওমো স্টেট পুলিশের হেট ক্রাইমস টাস্ক ফোর্সকে নিউ ইয়র্ক সিটির ভবনসমূহে ইহুদি-  
বিরোধী গ্রাফিটি সম্পর্কে তদন্তে সহায়তার জন্য নির্দেশ দিয়েছেন**

"আমি ইহুদি বিদ্বেষী গ্রাফিটির **সংবাদে** আতঙ্কিত হয়েছি যা আপনার ইস্ট সাইডের একটি ভবনে পাওয়া গেছে- যা গত দুই সপ্তাহ ধরে এলাকায় সংঘটিত বেশ কিছু ঘৃণ্য কর্মকাণ্ডের মধ্যে সর্বশেষ- এবং আমি স্টেট পুলিশের হেট ক্রাইম টাস্ক ফোর্সকে নির্দেশ দিচ্ছি এই সব কাপুরুষদের বিচারের আওতায় আনার জন্য সাহায্য করার জন্য।

ইহুদি বিদ্বেষের ভয়াবহতা আমাদের সম্প্রদায়কে অনেক দিন ধরে আক্রান্ত করে আসছে, এবং যখন এই ধরনের কাপুরুষোচিত কর্মকাণ্ড ভয় এবং বিভাজনের বীজ বপন করতে চাইছে, তখন আমরা সম্মিলিত ভাবে এক কণ্ঠে ঘোষণা করব যে আমাদের স্টেটে ঘৃণার জন্য কোন সহনশীলতা নেই।

নিউ ইয়র্ক সব ধরনের ঘৃণাকে নির্মূল করতে থাকবে, এবং আমাদের অন্ধকারতম দিনগুলোতে যে নীতিগুলি আমাদের চালিয়ে নিয়ে গিয়েছে তা পালন করার মাধ্যমে টিকে থাকবে: নিউ ইয়র্কের মত দৃঢ়, যার মানে বুদ্ধিমান, শৃঙ্খলাপরায়ণ, ঐক্যবদ্ধ এবং স্নেহশীল হওয়া।"

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)